Office of the
# Haldia Municipality
HALDIA MUNICIPALITY
Dr. B.R. Ambedkar Bhawan, Administrative Building, City Centre
P.O.- Debhog, Haldia, Purba Medinipur, West Bengal

Grievance Whatsapp No.
8250665469
Fax : 03224-252154
E-mail : haldiamunicipality@gmail.com

Memo No. : 2173/H.M/2025 Date : 02.05.2025

## পুকুর নিলামের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাইতেছে যে, হলদিয়া পৌরসভার নিয়ন্ত্রানাধীন নিম্নলিখিত নিয়মাবলী অনুযায়ী পুকুর গুলি মৎস্য চাষের জন্য আগামী ৩(তিন) বৎসরের মেয়াদের ইজারা বিলির জন্য (কেবল মাত্র মৎস্য চাষ করিবার জন্য) প্রকাশ্য নিলাম ডাক করা হইবে। যাহারা এবত্ব গ্রহনে আগ্রহী তাহাদিকে নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে স্ব-শরীরে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন। প্রকাশ্য নিলাম ডাকটি সর্ব সাধারনের মধ্যে সংগঠিত হইবে।

যে সমস্ত নিয়মে নিলাম ডাক হইবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইলঃ-

১. হলদিয়া পৌরসভার নিয়ন্ত্রানাধীন নিম্নলিখিত নিয়মাবলী অনুযায়ী পুকুর গুলি মৎস্য চাষের জন্য আগামী ৩(তিন) বৎসরের জন্য প্রদান করা হবে। সর্ব্বোচ্চ ডাক যিনি দেবেন, তাকেই উক্ত পুকুরটি ইজারা দেওয়া হইবে।

২. ডাক সর্ব্বোচ্চ বিধায় গৃহীত হইলে, উক্ত সর্ব্বোচ্চ ডাককারীকে ডাকের সমূহ অর্থ তৎক্ষনাৎ নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট এর মাধ্যমে অত্র অফিসে যে কোন জাতীয় ব্যাঙ্ক হইতে Haldia Municipality এর অনুকূলে জমা দিতে হইবে। কোন রকম ধার বাকী দেওয়া হইবে না।

৩. প্রথম সর্ব্বোচ্চ ডাককারী যদি তার ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, তবে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাককারীকে ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হইবে। যদি তিনি তার এবং সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, অনুরুপ তৃতীয় সর্ব্বোচ্চ ডাককারীকে সুযোগ হইবে এবং এই প্রক্রিয়া চলিতে থাকিবে।তবে যদি পাশাপাশি ডাককারীদের মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে, তবে হলদিয়া পৌরসভা কতৃপক্ষ ডাক বাতিল বলিয়া ঘোষনা করিতে পারিবেন। সর্ব্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ জমা না দিলে তার দেওয়া আমানত অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং দিতীয় ও তৃতীয় ডাককারীকে পর্য্যায়ক্রমে অনুরুপ সুযোগ প্রদান করা হইবে। আমানত অর্থ বাজেয়াপ্ত করিবার ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হইবে। কিন্তু সর্ব্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ মেটানোর ক্ষেত্রে কোন অজুহাত শোনা যাইবে না।

৪. ডাক চলাকালীন সময় প্রয়োজনবোধে কতৃপক্ষ সম্ভাব্য টাকা যে কোন সময়ে দর্শানোর জন্য বলিতে পারিবেন এবং ডাককারী তা দর্শাইতে বাধ্য থাকিবেন। যদি টাকা দর্শাইতে না পারেন, তাহা হইলে তাকে পরবর্তী রাউন্ড থেকে শেষ রাউন্ড পযর্ন্ত ডাক দিতে দেওয়া হইবে না।

৫. কোনরুপ কারন না দর্শালে কোন ডাক গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা কতৃপক্ষের থাকিবে। কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত
সিদ্ধান্ত বলিয়া গন্য হইবে।

৬. যে সকল ডাককারি ডাক করিয়া পরে পুকুর লইতে অস্বীকার করিবেন বা সম্পূর্ন অর্থ দিতে না পারিবেন, তাহাদের আগ্রিম জমা টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং তারা তাদের ডাকের পরিমান অর্থ তথা ঐ সময়কালীন ইজারার টাকার জন্য দায়ী হইবেন। প্রতারনার জন্য আইনানুসারে দন্ডনীয় হইবেন পরবর্তীকালে কতৃপক্ষের যে আর্থিক ক্ষতি হইবে তার জন্য দায়ী থাকিবেন।

৭. যদি কোন ডাককারী নিজের নাম গোপন করিয়া কাল্পনিক নামে ডাক অথবা নোটিশের এবং এগ্রিমেন্টের শর্ত অথবা হলদিয়া পৌরপ্রশাসনের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে হলদিয়া পৌরপ্রশাসকে প্রতারিত করিবার চেষ্টা করিয়াছেন বলিয়া প্রমানিত হয়, তবে তিনি আইন অনুসারে দন্ডনীয় হইবেন। নুনতমং তিনজন ডাককারীকে উওস্থিত থাকিতে হইবে।

৮. আমানত জমার অর্থের পরিমান সাদা কাগজে পরিস্কার অঙ্কে এবং কথায় উল্লেখ করিতে হইবে। তার নিচে বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্ত ও নিয়মাবলী মানিয়া চলিব। এই কথাটি স্বীকার স্বাক্ষর করিতে হইবে। তাহার নীচে নিজের নাম, পিতার নাম, নিজ ঠিকানা এবং মোবাইল নম্বর পরিস্কার করিয়া লিখিত হইবে।

৯. প্রকৃতিক দূযোগ বা অন্য কোন কারন বশত মৎস চাষে কোনো ক্ষতি হইলে সেই কতৃপক্ষ/ হলদিয়া পৌরসভা দায়ী থাকিবে না।

১০. কোন কারন না দর্শাইয়া সর্বোচ্চ বা যেকোনো ডাক প্রদানকারীর দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কতৃক বাতিল হইতে পারে।

১১. স্বত্বাধিকারীর পক্ষে কোন অবস্থাতেই পুকুর আয়তন পরিবর্তন করা চলিবে না।

১২. মেয়াদী স্বত্বাধিকারী তাহার মৎস চাষের মেয়াদ চলাকালীন অধিকার হস্তান্তর পারিবে না। এই রুপ হস্তান্তর প্রমানিত হলে মেয়াদ স্বত্ব বাতিল হইতে পারে। এই জন্য কোনক্ষতিপূরন দেওয়া হইবে না, এবং আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে।

১৩. মেয়াদী স্বত্ব কেবল মাত্র পুকুরের জল মৎস চাষের নিমিত্ত প্রদত্ত অর্থাৎ পুকুর পাড়ে কোনরুপ সব্জী চাষ, বৃক্ষাদি রোপন করিবার অধিকার মেয়াদী স্বত্বধিকারীর থাকিবে না বা টিকিট প্রথায় ছিপ দিয়ে মাছ ধরার অনুমতি এই জাতীয় কোন কার্যকলাপ করতে গেলে সংশ্লিষ্ট দপ্তরের অনুমতি নিয়ে করতে হবে।

১৪. পুকুর পার্শ্ববর্তী অধিবাসীদের স্বাস্থ্য সম্মত ভাবে জল ব্যবহার করিতে দিতে স্বত্ত্বাধিকারীরা বাধ্য থাকিবে। পুকুরের জল বাসিন্দাদের ব্যবহার জন্য কোনোরুপ ক্ষতি হইয়াছে বলিয়া কোনোরুপ আর্জি বা ক্ষতিপূরন গ্রাহ্য হইবে না।

১৫. মৎস ধরিবার নিমিত্ত পুকুরের জল পুকুরের জল নিস্কাশন, জলে কোনোরুপ ঔষধের ব্যবহার বা নিষিদ্ধ এমন কোন দ্রব্যাদি ব্যাবহার - যাহা সাধাররনের স্বাস্থের পক্ষে ক্ষতিকারক সেই কাজ করা চলিবে না। পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দূষন পর্ষদের স্বাস্থ সম্মত বিধি স্বত্বাধিকারী মেনেত চলতে বাধ্য থাকিব।

১৬. পুকুরের জল স্থানীয় জনসাধারন স্নান ও গৃহের অন্যান্য কাজের জন্য ব্যবহার করেন, সেহেতু পুকুরের জলস্বচ্ছ ও নির্মল রাখতে হবে, কোনোও ভাবে জল দুষিত করা যাবে না।

| ক্রমিক নং | পুকুরের বিবরন এবং ওয়ার্ড নং | ইজারার মেয়াদকাল | ডাকের নূনত্যম ডাক মূল্য (টাকা) | আমানত জমার অর্থ (টাকা) | প্রকাশ্য নীলামের ডাকের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ১ | সুকান্ত নগর কলোনী, দেভোগ (ওয়াটার রির্জাভারের নিকট), ওয়ার্ড নং - ১৫ | ৩ (তিন) বৎসর | ১১০৫০০.০০ | ৫০,০০০.০০ টাকা | ১৫/০৫/২০২৫, বেলা ২টায় |
| ২ | ক্ষুদিরামনগর মুসলিম পল্লী (বৈশাখী ব্লকের নিকট), ওয়ার্ড নং - ২৪ | ৩ (তিন) বৎসর | ৩১৬৩৬৮.০০ | ৫০,০০০.০০ টাকা | ১৫/০৫/২০২৫, বেলা ২টায় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | ক্ষুদিরামনগর (ক্লাসটার হাউসের নিকট), ওয়ার্ড নং - ২৪ | ৩ (তিন) বৎসর | ৯৩৬৩২.০০ | ৫০,০০০.০০ টাকা | ১৫/০৫/২০২৫, বেলা ২টায় |
| ৪ | ক্ষুদিরামনগর চৈতী ব্লক (শশধর মন্ডল), ওয়ার্ড নং - ২৫ | ৩ (তিন) বৎসর | ৫২৩২৫০.০০ | ৫০,০০০.০০ টাকা | ১৫/০৫/২০২৫, বেলা ২টায় |
| ৫ | ক্ষুদিরামনগর চৈতী ব্লক (সংস্কৃতি চক্র), ওয়ার্ড নং - ২৫ | ৩ (তিন) বৎসর | ২২০০৯০.০০ | ৫০,০০০.০০ টাকা | ১৫/০৫/২০২৫, বেলা ২টায় |
| ৬ | ক্ষুদিরামনগর ফাল্গুনী ব্লক (নির্মল বেরার বাড়ির নিকট), ওয়ার্ড নং - ২৫ | ৩ (তিন) বৎসর | ৮৮১০০.০০ | ৫০,০০০.০০ টাকা | ১৫/০৫/২০২৫, বেলা ২টায় |

কার্যনির্বাহী আধিকারিক,
হলদিয়া পৌরসভা।

Haldia Municipality
HALDIA MUNICIPALITY
Haldia